দৈনিক সংবাদ

তারিখ ............
পৃষ্ঠা ১২ কলাম ৪......

NOV. 13 2002

বিএম কলেজ

# অধ্যক্ষের আদেশ অমান্য করে ছাত্রদল নেত্রী হোস্টেলে থাকছে

**বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক** ঃ বিএম কলেজের একমাত্র ছাত্রীনিবাসে বসবাসকারী ছাত্রদল নেত্রী নাসরিন তার কক্ষের তালা ভেঙে ঢুকে সেখানে থাকতে শুরু করেছে।

হোস্টেল কর্তৃপক্ষ সোমবার রাতে নাসরিনের বিরুদ্ধে থানায় জিডি করার পরও সে জোরপূর্বক হোস্টেলে ঢোকে। নাসরিন এখন কয়েকজন ছাত্রী নিয়ে হোস্টেল সুপারের অপসারণের দাবিতে আন্দোলন শুরু করেছে। তাদের বক্তব্য হোস্টেল সুপার ছাত্রীদের সঙ্গে শালীনতা

থাকছে ঃ পৃঃ ১১ কঃ ৪

## থাকছে ঃ হোস্টেলে

( ১২-এর পৃষ্ঠার পর )

বজায় রাখেন না।

এ ব্যাপারে অধ্যক্ষের সঙ্গে যোগাযো[...] করা হলে তিনি জানান, হোস্টেলে[...] ছাত্রীদের যাতায়াতে কড়াকড়ি আরোপ ক[...] এবং নাসরিনকে হোস্টেল ত্যাগের নির্দে[...] দেয়ার কারণেই কিছুসংখ্যক বিপথগা[...] ছাত্রী তথাকথিত আন্দোলন করছে।